দৈনিক বাংলা
009

তারিখ ... 21.11.79 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 4 ...

# স্কাউটদের খাল খননের শপথ

দেশের স্কাউটগণ জাতিগঠনমূলক এবং স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে খাল খনন কাজে নিজেদের নিয়োজিত করার শপথ ঘোষণা করেছেন। খবর বাসসের।

গতকাল সন্ধ্যায় দেশের বিভিন্ন জেলার একশ পঞ্চাশ জন স্কাউট বঙ্গভবনে প্রেসিডেন্ট জিয়ার সঙ্গে সাক্ষাৎ করে এই ওয়াদা করেন।

প্রেসিডেন্ট স্বেচ্ছাশ্রমে দেশব্যাপী জাতিগঠনমূলক কাজে স্কাউটদের অংশগ্রহণের ওপর জোর দেন।

বাংলাদেশ স্কাউটের সভাপতি বিচারপতি আহসানউদ্দীন ও প্রধান স্কাউট কমিশনার জনাব নজরুল ইসলাম শামস প্রেসিডেন্টের কাছে স্কাউটদের কার্যসূচী ও উন্নয়ন প্রকল্পসমূহ ব্যাখ্যা করেন। এতে স্কাউট সদর দফতরের জন্য একটি ১৫ তলা ভবনের কথাও উল্লেখ ছিল।

এদিকে প্রধান জাতীয় কমিশনার স্কাউটদের মহকুমা ইউনিটগুলোকে দেশব্যাপী স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে খাল খনন কাজে অংশগ্রহণের জন্য একটি সার্কুলার জারি করেছেন।

প্রেসিডেন্ট রোভার স্কাউট পুরস্কার প্রাপ্তদের পাঁচজনকে প্রেসিডেন্ট সনদপত্র প্রদান করেন। তারা হচ্ছেন মোঃ শওকত আলী, একেএম ইসতিয়াক হোসেন, মোঃ মনসুরুল আলম মোঃ রফিকুল ইসলাম খান ও এ এস রফিকুল্লাহ।